

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 25-10-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে তিনদিনব্যাপী প্রধানমন্ত্রী বিশ্বকর্মা প্রদর্শনী ও বাণিজ্য মেলার উদ্বোধন করেন ।
- (২) সারা দেশের সঙ্গে আজ থেকে ২১তম সর্বভারতীয় প্রাণিসম্পদ সুমারির কাজ শুরু হয়েছে ।
- (৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু মেডিকেল শিক্ষার্থীদের সুবিধাবঞ্চিত শ্রেণীর সেবাকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়েছেন।
- (৪) থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে অনুষ্ঠিত এশিয়া যোগা স্পোর্টস চ্যাম্পিয়নশিপে ভারতীয় দলের খেলোয়াড় ত্রিপুরার পরিণীতা রায় একটি স্বর্ণ ও একটি রৌপ্য পদক পেয়েছে।
- (৫) ত্রিপুরা ও মুম্বাইয়ের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আগামীকাল থেকে শুরু হচ্ছে ।

CM-PM Biswakarma Exhibition :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে তিনদিনব্যাপী প্রধানমন্ত্রী বিশ্বকর্মা প্রদর্শনী ও বাণিজ্য মেলার উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ মন্ত্রী জিতেন রাম মাঝি, রাজ্যের শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা প্রমুখ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী

বলেন, প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনার কারণে ত্রিপুরার গ্রামীণ অর্থনীতি সমৃদ্ধ হচ্ছে। গ্রামীণ অর্থনীতিতে অসংগঠিত শ্রমিকরা বিশেষ অবদান রাখছেন। কেন্দ্রীয় অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ মন্ত্রী জিতেন রাম মাঝি বলেন প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনায় উত্তর পূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরা ভাল কাজ করছে। শ্রী মাঝি বলেন বলেন,

#####Byte#####

অনুষ্ঠানে ৬৯ জন সুবিধাভোগীকে ৬৪ লক্ষ টাকার ঋণ প্রদান করা হয়। তাছাড়া রাজ্যে প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনায় সর্বশ্রেষ্ঠ হিসেবে পুরস্কার পেয়েছে উত্তর ত্রিপুরা জেলা, বিশালগড় পুর পরিষদ, পাঞ্জাব ন্যাশনাল ব্যাংক। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ভারত সরকারের প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনার অধিকর্তা মিলিন্দ রামটেক, শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে ও অধিকর্তা বিশ্বশ্রী বি।

21 LiveStock Census ARD :

সারা দেশের সঙ্গে আজ থেকে ২১তম সর্বভারতীয় প্রাণিসম্পদ সুমারির কাজ শুরু হয়েছে। দিল্লি থেকে আজ এই সুমারির আনুষ্ঠানিক সূচনা করেন কেন্দ্রীয় প্রাণিসম্পদ মন্ত্রী রাজীব রঞ্জন সিং। আজ আগরতলায় প্রাণী সম্পদ বিকাশ ভবনে রাজ্যভিত্তিক প্রাণী সুমারির আনুষ্ঠানিক সূচনা করে দপ্তরের অধিকর্তা ডক্টর নিরাজ কুমার চঞ্চল বলেন,

#####Byte#####

তিনি আরো বলেন, প্রাণিসম্পদ সুমারির কাজটি প্রতি পাঁচ বছর অন্তর করা হয়। এর লক্ষ্য হচ্ছে সঠিক তথ্য নির্ণয়ের মাধ্যমে দপ্তর আগামী দিনে প্রাণিসম্পদ বিকাশের উন্নয়নে রূপরেখা তৈরি করা এবং প্রাণী পালকদের আর্থ-সামাজিক মান উন্নয়নে পরিকল্পনা গ্রহণ করা। তিনি বলেন রাজ্যে কাজের জন্য

প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের মাধ্যমে মোট ১০২ জন সুপারভাইজার ও ৫৭৮ জন গণনাকারী নিযুক্ত করা হয়েছে।

Livestock Census-Unakoti, Sepahijala :

উনকোটি জেলাতেও আজ থেকে শুরু হয়েছে প্রাণিসম্পদ শুমারি। প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের সহ-অধিকর্তা ডাঃ তপন রায় জানান, উনকোটি জেলায় এই কাজে সাতজন সুপারভাইজার ও ৪২ জন গণনাকারী থাকছেন। চলবে আগামী পঁচিশে ফেব্রুয়ারি পর্যন্ত এই গণনা চলবে।

সিপাহীজলা জেলাভিত্তিক শুমারির সূচনা করেন জেলার প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের ভারপ্রাপ্ত উপ-অধিকর্তা ডক্টর সঞ্জয় দে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাউন্সিলার মাম্পি দাস সাহা ও প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের বিশালগড় মহকুমা আধিকারিক কল্যাণ রায়।

Union Minister Ajay Tamta :

কেন্দ্রীয় পরিবহন সড়ক ও মহাসড়ক রাষ্ট্রমন্ত্রী অজয় তামতা আজ আগরতলার কাছে শিল্লাঞ্চল বোধজং নগরে কয়েকটি শিল্প ইউনিট পরিদর্শন করেন। রাবার, বাঁশ ও রাবার গাছ থেকে তৈরি প্লাইউড কারখানা পরিদর্শন করে সংবাদ মাধ্যমের কাছে তিনি বলেন,

#####Byte#####

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী তামতা আরো বলেন, ত্রিপুরার বাঁশ থেকে ফ্লোর টাইলস কারখানার উৎপাদিত টাইলস, নয়াদিল্লীর নতুন সংসদ ভবনে লাগানো হয়েছে। তা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভাবনার প্রতিফলন। শিল্লাঞ্চল পরিদর্শনকালে তাঁর সঙ্গে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবদল বনিক উপস্থিত ছিলেন।

তিনদিনের রাজ্য সফর শেষে কেন্দ্রীয়মন্ত্রী অজয় তামতা আজ নয়াদিল্লি ফিরে গেছেন।

Swacchata Campaign :

স্বচ্ছতা কর্মসূচীর অঙ্গ হিসাবে কেন্দ্রীয় ভূগর্ভস্থ জল সম্পদ মন্ত্রকের রাজ্য কার্যালয়ের স্বচ্ছতা বিভাগ, খোয়াই জেলা বন বিভাগ যৌথভাবে আজ বড়মুড়ার একটি ঝর্ণা ও তার আশপাশ এলাকায় স্বচ্ছতা অভিযান চালানো হয়। এই অভিযানে বড়মুড়া পাহাড়ে একটি ঝর্ণার জল প্রবাহের পথও পরিষ্কার করা হয়। এই অভিযানে কেন্দ্রীয় ভূগর্ভস্থ জল বোর্ডের রাজ্য শাখার প্রধান আধিকারিক ডঃ রাজারাম পুরোহিত সহ জল বোর্ডের নয়জন আধিকারিক, খোয়াই বন বিভাগের তেলিয়ামুড়ার ডিএফও অক্ষয় বালু প্রমুখ উপস্থিত ছিলেন।

President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মেডিকেল শিক্ষার্থীদের সুবিধাবঞ্চিত শ্রেণীর সেবাকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী মানুষের কল্যাণে সর্বাধুনিক চিকিৎসা কৌশল ব্যবহার করতে হবে। অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস - AIIMS, রায়পুরের সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন যে গত দশকে দেশবাসীকে সার্বজনীন স্বাস্থ্য পরিষেবা দেওয়ার জন্য অনেক পদক্ষেপ নেওয়া হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ছত্তিশগড়ের রাজ্যপাল রমেন ডেকা এবং মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই। রাষ্ট্রপতি আজ, ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি-এনআইটি রায়পুরের চতুর্দশ সমাবর্তনে যোগ দেন। আগামীকাল ছত্তিশগড়ে তাঁর দু'দিনের সফরের দ্বিতীয় ও শেষ দিনে, রাষ্ট্রপতি ইন্ডিয়ান ইনস্টিটিউট

অফ টেকনোলজি - আইআইটি এবং স্বাস্থ্য বিজ্ঞান এবং আয়ুর্ষ বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে অংশ নেবেন।

BJP-Press Meet :

রাজ্যে জাতীয় সড়ক চারলেন করতে ২ হাজার ৮০০ কোটি টাকার প্যাকেজের অনুমোদন দেওয়ায় কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানিয়েছেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য। আজ আগরতলায় দলীয় কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে শ্রী ভট্টাচার্য বলেন, গত তেসরা সেপ্টেম্বর থেকে রাজ্যে বিজেপির সদস্যপদ অভিযান শুরু হয়। গতকাল পর্যন্ত অনলাইনে ৭ লক্ষ ৪৪ হাজার লোক সদস্যপদ নিয়েছেন। এছাড়া অফলাইনে ফর্ম পূরণ করে দুই লক্ষ লোক সদস্যপদ নিয়েছেন।

CPIM Press Briefing :

আজ আগরতলায় সিপিআইএমের রাজ্য দপ্তরে দলের রাজ্য কমিটির একদিনের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে দলের পলিটবুরো সদস্য, প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী সহ দলের কেন্দ্রীয় ও রাজ্য কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন। সভা শেষে সাংবাদিক সম্মেলনে সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী জানান, গত ৫৬ দিনে রাজ্যের সার্বিক পরিস্থিতি নিয়ে আজকের বৈঠকে পর্যালোচনা করা হয়। আগামী মাস থেকে দলের ২৪টি মহকুমা সম্মেলন ও জানুয়ারির শেষে দলের রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হবে। সাংবাদিক সম্মেলনে রাজ্য বামফ্রন্টের আহ্বায়ক নারায়ন কর ও সিটুর রাজ্য সভাপতি মানিক দে উপস্থিত ছিলেন।

9th Ayurveda Day Press Meet :

আগামী ২৯শে অক্টোবর উদযাপিত হবে নবম আয়ুর্বেদ দিবস। এবারের ভাবনা বিশ্ব স্বাস্থ্যের জন্য আয়ুর্বেদের উদ্ভাবন। এই বছর আয়ুর্বেদ দিবসের উদযাপনের মূল লক্ষ্য হলো আয়ুর্বেদ উদ্ভাবন এবং এর মাধ্যমে বিশ্ব স্বাস্থ্যকে উন্নত করা। আজ আগরতলা প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে নর্থ ইস্টার্ন ইনস্টিটিউট অফ আয়ুর্বেদা এন্ড হোমিওপ্যাথি শিলং এর সিনিয়র এসিস্ট্যান্ট প্রফেসর ডাক্তার বিষ্ণু চৌধুরী জানান আগামী ২৯শে অক্টোবর মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগরতলার প্রজ্ঞা ভবনে রাজ্যভিত্তিক আয়ুর্বেদ দিবস উদযাপনের মূল অনুষ্ঠানের উদ্বোধন করবেন। তিনি বলেন এই উপলক্ষে বিভিন্ন পূর্ব প্রস্তুতি মূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মহিলা কলেজে নারীদের স্বাস্থ্য বিষয়ে আয়ুর্বেদের উপর শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা বিভিন্ন স্কুল, অন্যান্য ডিগ্রি কলেজ এবং ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে আয়ুর্বেদ সম্পর্কে বিশেষ সেমিনার ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

State Level Youth Festival :

রাজ্যভিত্তিক যুব উৎসব আগামী তেরো থেকে পনেরো-ই নভেম্বর ঊনকোটি জেলা সদর কৈলাশহরে অনুষ্ঠিত হবে। এবারকার রাজ্যভিত্তিক যুব উৎসবের ভাবনা হচ্ছে "বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবন"। আসন্ন রাজ্যভিত্তিক যুব উৎসবকে সামনে রেখে আজ কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, দপ্তরের সচিব ডক্টর প্রদীপ কুমার চক্রবর্তী, অধিকর্তা সত্যব্রত নাথ, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা প্রমুখ। তাছাড়া নির্বাচিত সংস্থার জনপ্রতিনিধি সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা এতে অংশ নেন। বৈঠক শেষে মন্ত্রী টিংকু রায় সাংবাদিকদের জানান, রাজ্যের আট জেলা থেকে

আটশ প্রতিযোগী-প্রতিযোগিনী সহ এক হাজার জন এই যুব উৎসবে অংশ নেবে। কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে হবে রাজ্যভিত্তিক যুব উৎসব। তিনি আরো জানান, আগামী জানুয়ারি মাসে "রাষ্ট্রীয় যুব উৎসব" রাজধানী আগরতলাতে হবার কথা রয়েছে।

Asian Yoga Parineeta wins gold and silver :

থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে অনুষ্ঠিত এশিয়া যোগা স্পোর্টস চ্যাম্পিয়নশিপে ভারতীয় দলের খেলোয়াড় ত্রিপুরার পরিণীতা রায় একটি স্বর্ণ ও একটি রৌপ্য পদক পেয়েছে। পরিণীতা আর্টিস্টিক বিভাগে স্বর্ণ পদক জয় করে। এর আগে ট্রেডিশনাল যোগা বিভাগে রৌপ্য জয় করে দেশের ও রাজ্যের নাম উজ্জ্বল করেছে। পরিণীতার এই সাফল্যে রাজ্য যোগাসন স্পোর্টস এসোসিয়েশনের সংস্থার সভাপতি সরযু চক্রবর্তী, সচিব সমীর সাহা ও কোচ শম্ভু চক্রবর্তী তাকে অভিনন্দন জানিয়েছেন।

Ranji Trophy :

ত্রিপুরা ও মুম্বাইয়ের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আগামীকাল থেকে শুরু হচ্ছে। এম বি বি স্টেডিয়ামে এই ম্যাচটি হবে। আজ দুটি দল নিজেদের প্রস্তুতি সেরে নিয়েছে। সফরকারী মুম্বাই দলের হয়ে খেলতে রাজ্য এসেছেন তারকা ক্রিকেটার আজিঙ্ক রাহানে ও শাদুল ঠাকুর।

Piyali's Record :

এভারেস্ট বেস ক্যাম্প ত্রিপুরার প্রথম মহিলা পর্বত আরোহী হিসেবে পৌঁছানোর রেকর্ড গড়লেন পিয়ালী দেব। ছয় মাস আগে উত্তরপূর্ব নেপালের সোলুখুমবু জেলার এভারেস্ট বেস ক্যাম্প পৌঁছানোর স্বপ্ন নিয়ে কাজ শুরু করেন পিয়ালী। রাজধানী

কাঠমান্ডু'র খারিখোলা থেকে চার দিনে ৭০ কিলোমিটার ট্র্যাকিং করে ২৪ অক্টোবর পৌঁছান সমুদ্রপৃষ্ঠ থেকে ১৭ হাজার ৫৯৮ ফুট উঁচুতে এভারেস্ট বেস ক্যাম্প।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন ২২.১ ডিগ্রি ডিগ্রী সেলসিয়াস। রাজ্যের সব জেলার দু এক জায়গায় মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে।
